

যুগান্তর

নিরাপদ সড়ক আন্দোলন

৮ শিক্ষার্থীর জামিন নাকচ

প্রকাশ : ১৪ আগস্ট ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

👤 যুগান্তর রিপোর্ট

নিরাপদ সড়ক দাবির আন্দোলনে পুলিশের ওপর হামলা ও ভাংচুরের পৃথক দুই মামলায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আট শিক্ষার্থীর জামিন নাকচ করেছেন আদালত। শুনানি শেষে ঢাকা মহানগর হাকিম প্রণব কুমার দুই সোমবার জামিন নাকচের এ আদেশ দেন।

জামিন নাকচ হওয়া আট শিক্ষার্থী হলেন- বাড্ডা থানার মামলায় রাশেদুল ইসলাম, মুশফিকুর রহমান, নূর মোহাম্মাদ, জাহিদুল হক ও হাসান। আর ভাটারা থানার মামলায় সাবের আহমেদ, শিহাব শাহরিয়ার ও সাখাওয়াত হোসেন।

আসামিপক্ষের আইনজীবীরা শুনানিতে বলেন, আসামিদের বিরুদ্ধে সুনির্দিষ্ট কোনো অভিযোগ নেই। জামিন না পেলে তাদের শিক্ষাজীবন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। অপরদিকে রাষ্ট্রপক্ষে জামিনের বিরোধিতা করেন সাধারণ নিবন্ধন কর্মকর্তা আবু হানিফ। শুনানিতে তিনি বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামিরা পুলিশের ওপর হামলার কথা স্বীকার করেছে। সরকারকে উৎখাতের জন্য তারা বিশৃঙ্খলা সৃষ্টি করেছে। তদন্তের স্বার্থে তাদের আবারও রিমাণ্ডে নেয়ার প্রয়োজন হতে পারে। উভয়পক্ষের শুনানি শেষে আদালত আসামিদের জামিন নাকচ করে কারাগারে পাঠানোর ওই আদেশ দেন।

এর আগে রোববার বাড্ডা থানার মামলায় তারিকুল ইসলাম ও রেদোয়ান আহমেদ এবং ভাটারা থানার মামলায় আজিজুল করিম ও মাসাদ মরতুজা বিন আহাদের জামিন নাকচ করেন একই আদালত। ৯ আগস্ট দুই দিনের রিমাণ্ড শেষে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ২২ ছাত্রকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছিলেন আদালত।

বাড্ডা থানার মামলায় কারাগারে যাওয়া ১৪ ছাত্র হলেন- রাশেদুল ইসলাম, বায়েজিদ, মুশফিকুর রহমান, ইফতেখার আহমেদ, রেজা রিফাত আখলাক, এএইচএম খালিদ রেজা, তারিকুল ইসলাম, নূর মোহাম্মাদ, সীমান্ত সরকার, ইকতিদার হোসেন, জাহিদুল হক, রিসালাতুল ফেরদৌস, হাসান ও রেদোয়ান আহমেদ। আর ভাটারা থানার মামলায় কারাগারে যাওয়া ৮ ছাত্র হলেন- ফয়েজ আহমেদ আদনান, সাবের আহমেদ, মেহেদী হাসান, শিহাব শাহরিয়ার, সাখাওয়াত হোসেন ও আমিনুল এহসান, আজিজুল করিম ও মাসাদ মরতুজা বিন আহাদ। এ ২২ জন বেসরকারি বিশ্ববিদ্যালয় ইস্ট ওয়েস্ট, নর্থ সাউথ, সাউথইস্ট ও ব্র্যাকের ছাত্র।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

এক সপ্তাহের প্যাকে

১২৯ টাকায় 3GB

১২৯ টাকায় 5GB